**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-07-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) বাংলাদেশে পাঠরত মোট ৬৯১ জন ছাত্রছাত্রী আজ পর্যন্ত ত্রিপুরার সীমান্ত দিয়ে ফিরে এসেছে ।**

**(২) আজ গুরু পূর্ণিমা- রাজ্যেও নানা অনুষ্ঠানে পালিত হচ্ছে।**

**(৩) সংসদের বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে ।**

**(৪) ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে।**

****************************************

**Bangladesh:**

বাংলাদেশের সহিংস আন্দোলনের পরিপ্রেক্ষিতে ত্রিপুরা সীমান্ত দিয়ে সে দেশে পাঠরত ৬৯১ জন ছাত্রছাত্রী আজ পর্যন্ত ফিরে এসেছে। আজ মোট ৩৫১ জন ছাত্রছাত্রী ফিরে এসেছে, এর মধ্যে ২৪৯ জন ভারতীয় এবং নেপালের ৬৬ জন। আগরতলা চেকপোস্ট দিয়ে এসেছে ১৫২ জন, শ্রীমন্তপুর চেকপোস্ট দিয়ে ১৬২ জন এবং কৈলাশহরের মনুস্থল বন্দর দিয়ে একজন।

*****************

**BSF –Bangaladesh:**

বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস আজ শালবাগান সদর দপ্তরে সাংবাদিকদের জানিয়েছেন, শ্রীমন্তপুর এবং আগরতলার সীমান্ত চেক পোস্ট দিয়ে গতকাল বাংলাদেশ

থেকে ৩৭৬ জন ভারতীয় শিক্ষার্থী দেশে ফিরে এসেছে। তিনি আরো জানান, বাংলাদেশে হিংসার ঘটনাকে কেন্দ্র করে রাজ্যের সীমান্তগুলিতে নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে।

*****************

**Return from B'desh-KLS Manu :**

প্রতিবেশী বাংলাদেশে পড়ুয়া ভারতীয় ছাত্র-ছাত্রীদের কৈলাশহরের মনু স্থল বন্দর দিয়েও প্রত্যাবর্তন প্রক্রিয়া শুরু হয়েছে। আজ দুপুরে বাংলাদেশের সিলেট ওমেনস মেডিকেল কলেজে পাঠরতা ঊনকোটি জেলার এক ছাত্রী নিরাপদে এসে পৌঁছেছে। তপশ্রিয়া পাল নামে প্রথম বর্ষের ছাত্রীটি B.G.B'র সহায়তায় রীতি-নিয়ম মেনে সীমান্ত পেরিয়ে এলে এপাড়ের 199 নং ব্যাটেলিয়নের B.S.F এর পক্ষ থেকে তাকে অভ্যর্থনা ও পূর্ণ সহযোগিতা করা হয়।

B.S.F এর পদস্থ আধিকারিকরা প্রত্যাবর্তনকালে উপস্থিত ছিলেন। এক সাক্ষাৎকারে বাংলাদেশ থেকে ফেরৎ আসা ছাত্রী তপশ্রিয়া পাল দু'দেশের প্রশাসনের পূর্ণ সহযোগিতায় স্বদেশে ফিরতে পারায় কৃতজ্ঞতা প্রকাশ করে।

*****************

**Srimantapur –ICP:**

সিপাহীজলা জেলার সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর ব্যবহার করে আজ বাংলাদেশ থেকে যে ১৬২ জন ভারতীয় পড়ুয়া ফিরে এসেছে তাদের বেশিরভাগই জম্মুকাশ্মীরের বাসিন্দা এবং কুমিল্লা সেন্ট্রাল মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রী। তাদেরকে বরণ করতে শ্রীমন্তপুর সীমান্তের জিরো পয়েন্টে উপস্থিত ছিলেন বি.এস.এফের সেকেন্ড ইন কমান্ড রাজেশ লাংঘে , সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা , DCM শুভজিৎ পাল প্রমুখ।

*****************

**Bangladesh's Supreme Court:**

বাংলাদেশের সিভিল সার্ভিসের চাকরিতে চলতি কোটা ব্যবস্থাকে বাতিল বলে ঘোষণা করলেন সে দেশের সুপ্রিমকোর্ট। বাংলাদেশের হাইকোর্টের রায় সে দেশের কোটা ব্যবস্থা চালু ছিল। বাংলাদেশের সুপ্রিমকোর্ট তার রায়ে আন্দোলনরত ছাত্রদের ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানিয়েছে। এই কোটা বিরোধী আন্দোলনে এখনো পর্যন্ত ১৩৩ জনের মৃত্যু হয়েছে।

*****************

**BSF- 3 new criminal laws:**

বি এস এফ এর ত্রিপুরা সেক্টর আইন শাখার উদ্যোগে গতকাল নতুন ফৌজদারি আইন এর ওপর এক অনলাইন কর্মশলার আয়োজন করা হয় । বিএসএফ, ত্রিপুরা ফ্রন্টিয়ার এর আই জি - এস. প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস এই কর্মশালার উদ্বোধন করে, বি এস এফ আধিকারিকদের এই আইনগুলি সম্পর্কে অবগত ও সচেতন থাকার জন্য পরামর্শ দেন।

কর্মশালায় অন্ধ্রপ্রদেশ পুলিশ -এর প্রাক্তন আইজি এবং ব্যুরো অফ পুলিশ রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (বিপিআর অ্যান্ড ডি)-র বিশেষজ্ঞ অবসরপ্রাপ্ত আইপিএস আধিকারিক ই দামোদর - সম্প্রতি প্রণীত ও বাস্তবায়িত তিনটি নতুন ফৌজদারি আইন অর্থাৎ ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষী অধিনিয়াম সম্পর্কে বিশদভাবে ব্যাখ্যা ও বিশ্লেষণাত্মক বক্তব্য রাখেন।

কর্মশালায় আধিকারিকরা বলেন, "ভারতীয় ন্যায় ব্যাবস্থা"-র পরিমণ্ডলে ফৌজদারি বিচার ব্যবস্থায়, শাস্তিমূলক থেকে ন্যায়বিচারমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে আসার প্রয়াস নেওয়া হয়েছে নতুন তিন আইনের মাধ্যমে।

*****************

**Guru Purnima-PM:**

আজ গুরু পূর্ণিমা, দেশ জুড়ে নানা অনুষ্ঠানে পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে ধর্মপ্রাণ মানুষেরা গুরুদের স্মরণ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরু পূর্ণিমা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*****************

**Guru Purnima-1:**

রাজধানীর মুক্তধারা অডিটরিয়ামে আজ পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক গুরু পূর্নিমা উৎসব উদযাপিত হয়। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন আগরতলার সচিব মহারাজ শুভকরানন্দ। তিনি বলেন গুরু পূর্ণিমা ভারতের প্রাচীনকাল থেকে গুরু-শিষ্য পরম্পরার এক উৎসব। তিনি বলেন একজন গুরু আধ্যাত্মিক পঠনপাঠন ইত্যাদি ক্ষেত্রে জ্ঞানদান করে শিষ্যকে আধ্যাত্মিক, মানবিক শিক্ষায় শিক্ষিত করে, জ্ঞানের আলোকে নিয়ে যাওয়ার পরম্পরা প্রাচীনকাল থেকে ভারতবর্ষে চলে আসছে। যা আজকের দিনেও প্রাসঙ্গিক। এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম জেলা তথ্য সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা অমৃত দেববর্মা, রাজ্যের বিশিষ্ট শিক্ষা গুরু তরুবালা দেববর্মা, সুব্রত চক্রবর্তী, দেবব্রত বনিক প্রমুখ। এদিনের অনুষ্ঠানে রাজ্যের খ্যাতনামা শিক্ষাবিদদের সম্বর্ধনা জানান আমন্ত্রিত অতিথিরা।

অনুষ্ঠানে গুরু সন্মাননা প্রদান করা হয় সঙ্গিত শিক্ষাগুরু উপেন্দ্র শর্মা ও নৃত্যগুরু পরিমল দেববর্মাকে। এছাড়াও বসে আঁকো প্রতিযোগিতায় ৩টি বিভাগ থেকে সেরা মোট ১৫জনকে পুরস্কৃত করা হয়।

*****************

**Guru Purnima-2:**

গুরু পূর্ণিমা উপলক্ষে সংস্কার ভারতী সংস্থার উদ্যোগে আজ সন্ধ্যায় আগরতলার সুকান্ত একাডেমিতে এক অনুষ্ঠানে রাজ্যের ৮ জেলার ৮ জন বিশিষ্ট লোকশিল্পীকে সংবর্ধনা দেওয়া হয়। তাঁরা হলেন সুখিনী দেববর্মা, বেনুভূষণ নাথ, সুবল নাথ, সোনাচাঁদ সিংহা, থাঙামুঙ মগ, কিরন

দেববর্মা, অখিলবন্ধু দেবনাথ ও মনিকা রায়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাদের হাতে সংবেদনা স্বরূপ মানপত্র পুষ্পস্তবক উত্তরীয় তুলে দেন।

অনুষ্ঠানে রাজ্যপাল সংস্কার ভারতীর এই ধরনের উদ্যোগের প্রশংসা করেন। তিনি বলেন ত্রিপুরা একটি ছোট রাজ্য হলেও সংস্কৃতির দিক দিয়ে দেশে এক উন্নত রাজ্য। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ছিলেন প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যিষ্ণু দেববর্মা, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন, সংস্কার ভারতীর সভাপতি সুবল বিশ্বাস।

গুরু পূর্ণিমা তিথি উপলক্ষ্যে আজ রাজ্যে বিভিন্ন দেবালয়ে ও মন্দিরে বিশেষ পূজাপাঠের আয়োজন করা হয়। সাংস্কৃতিক সংস্থা সুরঝর্নার পক্ষ থেকে আজ আগরতলার রবীন্দ্র শর্তবার্ষিকী ভবনে এক সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়।

*****************

**Parliament:**

সংসদের বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে অর্থনৈতিক সমীক্ষা রিপোর্ট পেশ করবেন। আগামী মঙ্গলবার তিনি চলতি অর্থ বছরের সাধারণ বাজেট পেশ করবেন। তৃতীয় পর্যায়ের নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের এটা হবে প্রথম বাজেট। এই অধিবেশনে সরকারের পক্ষ থেকে ছয়টি নতুন বিল পেশ করার কথা রয়েছে।

*****************

**All Party Meeting:**

এদিকে, কেন্দ্রীয় সরকারের আহ্বানে আজ নতুন দিল্লিতে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সংসদের উভয় কক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার সব রাজনৈতিক দলের সহযোগিতা চেয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, কিরেন রিজিজু, অর্জুন রাম মেঘওয়াল, জে

পি নাড্ডা, কংগ্রেস নেতা জয়রাম রমেশ, গৌরব গগৈ, এনসিপি নেতা প্রফুল প্যাটেল প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

*****************

**Uttarakhand:**

কেদারনাথ যাত্রায় অংশ নেয়া তিন তীর্থযাত্রীর আজ ভূমিধ্বসে মৃত্যু হয়েছে। আহত হয়েছেন পাঁচজন। ঘটনাটি ঘটে উত্তরাখন্ডের রুদ্রপ্রয়াগ জেলার চিদওয়াসার কাছে। মৃত তিন জনের মধ্যে দুইজন মহারাষ্ট্রের এবং একজন স্থানীয়। মুখ্যমন্ত্রী পুস্কর সিং ধার্মী এই ঘটনায় গভীর দু:খ প্রকাশ করেছেন এবং আহতদের দ্রুত চিকিৎসার ব্যবস্থা করতে নির্দেশ দিয়েছেন।

*****************

**Governo , Veeramma Kali :**

সোনামুড়া মহকুমার মেলাঘরের রাঙ্গামুড়ার ভিরাম্মা কালী মন্দিরে আজ থেকে শুরু হয়েছে ৩ দিনের উৎসব ও মেলা। ৯ম বর্ষীয় এই উৎসব ও মেলার উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মন্দির প্রতিষ্ঠাতা টি. ভিরামনি, সিপাহীজলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল, পুলিশ সুপার বি.জে রেড্ডি, নলছড়ের বিধায়ক কিশোর বর্মন, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায় প্রমুখ।

*****************

**PENSIONERS:**

ত্রিপুরা সিনিয়র সিটিজেন ও পেনশনার্শ সংঘের ত্রিপুরা প্রদেশ কমিটির উদ্যোগে  ১১ দফা দাবির সমর্থনে আজ উদয়পুর রাজর্ষি কলা ক্ষেত্রের দুই নং হলে এক দিনের আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

এই দাবিগুলির মধ্যে ছিল গুজরাট সরকারের ন্যায় পেনশনার্সদের কম্যুটেশন পিরিয়ড ১৫ বৎসরের পরিবার্তে ১২ বৎসর করা, গ্র্যাচুইটির পরিমান ১০ লক্ষের বদলে ২০ লক্ষ টাকা ইত্যাদি।

আজকের এই  আলোচনা সভার উদ্ভোধন করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার ı এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা ও পেনশনার সংঘর প্রদেশ সহ-সভাপতি রনজিত দে প্রমুখ।

*****************

**Shushanto Chowdhury:**

সম্প্রতি লোকসভা নির্বাচন ও রামনগর বিধানসভা উপনির্বাচনে ভারতীয় জনতা পার্টির প্রার্থীদের জয়ের জন্য আজ জিরানীয়ার অগ্নিবীনা হলে বিজেপির উদ্যোগে মতদাতা অভিনন্দন কর্মসূচীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে ছিলেন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, এলাকার বিধায়ক ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

*****************

**Blood Donation:**

আগরতলার পশ্চিম প্রতাপগড় সংলগ্ন প্রতাপ সংঘের উদ্যোগে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ। মেয়র তার ভাষণে সামাজিক সংগঠন, ব্যক্তি ও এনজিও দের রক্তদানে এগিয়ে আসার আহ্বান জানান।

*****************

**DISTRIBUTION OF Essential Commodity:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সম্প্রতি গোমতি নদীর জলস্ফীতির কারনে ক্ষতিগ্রস্ত উদয়পুরের তিনটি পরিবারের হাতে আজ খাদ্য সামগ্রী সহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র তুলে দেন ı বর্তমানে তারা উদয়পুর ছন বন স্কুলের ত্রাণ শিবিরে রয়েছে ı উদয়পুর পুর পরিষদের ডাকে সাড়া দিয়ে উদয়পুর ফ্লাওয়ার ক্লাব ক্ষতিগ্রস্ত এই তিন পরিবারের জন্য ত্রাণ সামগ্রী বিতরনের উদ্যোগ নেয় ı আজকের এই ত্রাণ কার্যে মন্ত্রী ছাড়া উপস্থিত

ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার,উদয়পুর ফ্লাওয়ার ক্লাবের সম্পাদক কমলজিৎ সাহা সহ অন্যান্য কর্মকর্তাগণ ।

*****************

**TKMU:**

ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়ন রাজ্য কমিটির উদ্যোগে আজ আগরতলায় প্রয়াত বাদল শীল ও কমল কৃষ্ণ নাথের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক স্মরণ সভার আয়োজন করা হয়। স্মরণ সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরা ক্ষেতমজুর ইউনিয়নের রাজ্য সভাপতি ভানু লাল সাহা, সিআইটিও রাজ্য সভাপতি মানিক দে, ক্ষেতমজুর ইউনিয়নের রাজ্য সম্পাদক শ্যামল দে সহ অন্যান্যরা।

*****************

**Weather:**

পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দুএক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। এছাড়া রাজ্যের ধলাই, সিপাহিজলা, গোমতী, দক্ষিণ ও পশ্চিম জেলার কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ ভারি বৃষ্টি পাতের সতর্কতা রয়েছে। অন্যান্য জেলাতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগরতলা ও তার আশে পাশে আজ বিকেল পর্যন্ত বৃষ্টি হয়েছে ৫.৪ মিলিমিটার। আগরতলায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ২৭ থেকে সর্বোচ্চ ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*****************

**Women Football:**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায়

জম্পুইজলা প্লে সেন্টার ৩-১ গোলে ফুলো ঝানু এথলেটিক ক্লাবকে পরাজিত করে।

*****************

**Cricket asso:**

উদয়পুরের আম্পায়ার এবং স্কোরারদের যৌথ উদ্যোগে এবং উদয়পুর ক্রিকেট এসোসিয়েশনের ব্যবস্থাপনায় আজ একদিনের শিবির অনুষ্ঠিত হয় l এই শিবিরে উপস্থিত ছিলেন ক্রিকেট অ্যাসোসিয়েনশনের সচিব নাজমুল হোসেন সহ উদয়পুর আম্পায়ার ও স্কোরার-এর সকল সদস্যগণ l এই শিবিরে ক্রিকেটের বিভিন্ন নিয়ম কানুন নিয়ে বিস্তারিত আলোচনা হয় l

*****************

*****************